

■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ শুভাশুভ, সাজসজ্জা, পানাহার ও বিবিধ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩২. মুমিনের ঝুটায় রোগমুক্তি

আরেকটি প্রচলিত বানোয়াট কথা হলো:

سُؤْرُ الْمُؤْمِنِ شِفَاءً... رِيْقُ الْمُؤْمِنِ شِفَاءً

"মুমিনের ঝুটায় রোগমুক্তি বা মুমিনের মুখের লালাতে রোগমুক্তি।" কথাটি কখনোই হাদীস নয় বা রাসূলুল্লাহ (ﷺ) এর কথা নয়।[1]

মুমিনের ঝুটা খাওয়া রোগমুক্তির কারণ নয়, তবে ইসলামী আদবের অংশ। রাসূলুল্লাহ ্রাষ্ট্র, তাঁর সাহাবীগণ ও পরবর্তী যুগের মুসলিমগণ একত্রে একই পাত্রে বসে খাওয়া-দাওয়া করেছেন এবং একই পাত্রে পানি পান করেছেন। এখনো এ অভ্যাস আরবে ও ইউরোপে প্রচলিত আছে। আমাদের দেশে ভারতীয় বর্ণ প্রথা ও অচ্ছুত প্রথার কারণে একে অপরের ঝুটা খাওয়াকে ঘৃণা করা হয়। এগুলো ইসলাম বিরোধী মানসিকতা।

ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ২৪১; মোল্লা কারী, আল-আসরার, পৃ: ১২৯; আল-মাসনৃ'য়, পৃ: ৭৫; যারকানী, মুখতাসারুল মাকাসিদ পৃ: ১১৪।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5030

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন